

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির সময়	প্রয়োজনীয় ফি/টারিফ/আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে বার্ষিক হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ
০১	উপজেলা/মেট্রোপলিটন থানা ও উপজেলা/উপজেলা কার্যালয়	প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন	১. উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা ২. সহকারী পরিদর্শক ৩. জেলা সমবায় কর্মকর্তা ৪. পরিদর্শক ৫. অফিস সহকারী	সরকারি কর্মসূচির আওতাভুক্ত নয় এরূপ সমবায় সমিতি অর্থাৎ সাধারণ জনগণ ২০জন মিলে একটি প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন জেলা সমবায় অফিসের প্রদান করে থাকেন। এরূপ সমবায় সমিতি নিবন্ধন পেতে হলে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে: প্রাথমিক কমপক্ষে ২০ জন সাধারণ জনগণের আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা সমবায় অফিসের দাখিলকৃত রেকর্ডপত্র নিজে অথবা সহকারী পরিদর্শক সরজমিনে যাচাই করেন। যাচাই শেষে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসের যাচাই প্রতিবেদন এবং আবেদনকারী কর্তৃক দাখিলকৃত রেকর্ডপত্র জেলা সমবায় অফিসের বরাবরে প্রেরণ করেন। জেলা সমবায় অফিসের নিবন্ধনের বিষয়ে আপত্তি না থাকলে নিবন্ধন প্রদান এবং নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সমবায় অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করেন। নিবন্ধনের আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের পরিদর্শক কর্তৃক সরজমিনে তদন্ত করাবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে নিবন্ধন প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা নিবন্ধন নামঞ্জুর করে নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করবেন।	৭-৬০ দিন	৩৪৫/- (তিনশত পঁয়তাল্লিশ টাকা) [তিনশত টাকা নিবন্ধন ফি এবং ১৫% ভ্যাট]	১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত), ২০০২ ও সংশোধিত, ২০১৩) ২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ ৩. মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ ৪. সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩	১. নিবন্ধক ও মহাপরিচালক ২. অধ্যক্ষ বাংলাদেশ সমবায় একাডেমী ৩. বিভাগীয় যুগ্ম-নিবন্ধক ৪. অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় শিক্ষায়তন ৫. জেলা সমবায় অফিসার
০২	বাংলাদেশ সমবায় একাডেমী/ ১০টি আঞ্চলিক সমবায় শিক্ষায়তন এবং জেলা/ উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়	প্রশিক্ষণ প্রদান	১. অধ্যক্ষ ২. উপাধ্যক্ষ ৩. অধ্যাপক ৪. সহকারী অধ্যাপক ৫. জেলা/উপজেলা/ থানা সমবায় অফিসার, ৬. প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষক/ সহকারী পরিদর্শক	নিবন্ধিত সমবায় সমিতির কার্যক্রম পরিচালনাসংক্রান্ত, সমিতির আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ, আয়বর্ধকমূলক কর্মকাণ্ড পরিচালনা, আত্মকর্মসংস্থানের লক্ষ্যে কম্পিউটার প্রশিক্ষণ, সেলাই, পপসোলন, মৎস্য চাষ ইত্যাদি বিষয়ে সমিতির সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। উক্ত প্রশিক্ষণ প্রদানের জন্য বাংলাদেশ সমবায় একাডেমী এবং এর আওতাধীন ১০টি আঞ্চলিক সমবায় শিক্ষায়তন রয়েছে। উক্ত ১০টি প্রশিক্ষণ কেন্দ্র প্রতিবছর মে মাসে একটি বাৎসরিক প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন করে। প্রশিক্ষণ কর্মসূচি মোতাবেক প্রতি জেলায় নির্দিষ্টসংখ্যক সমবায়ী প্রেরণ করার জন্য আদেশ প্রদান করে।	১-১৫ দিন	বিনামূল্যে (বাংলাদেশ সমবায় একাডেমী ও আঞ্চলিক সমবায় শিক্ষায়তনে প্রশিক্ষণার্থীদের দ্রুত অনুযায়ী যাতায়াত ভাতা এবং নির্দিষ্ট হারে মৈনিক ভাতা প্রদান করা হয়।)		